মেহেরপুরে বিজিবির অভিযানে ফেনসিডিল ও মদসহ মিন্টু আটক

বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) বুড়িপোতা বিওপি ক্যাম্পের অভিযানে ফেনসিডিল ও ভারতীয় মদসহ মিন্টু হোসেন (৩৪) নামের এক মাদক কারবারী আটক হয়েছে।
আটক মিন্টু হোসেন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের কোলপাড়া এলাকার রুস্তুম আলীর ছেলে।
বুড়িপোতা গ্রামে অভিযান চালিয়ে তাকে ৪ বোতল ফেনসিডিল ও ২ বোতল ভারতীয় মদসহ মিন্টুকে আটক করে বিজিবি।
৬ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র বুড়িপোতা বিওপি ক্যাম্প কমান্ডার নায়েক সুবেদার তোহিদুজ্জামান বলেন, সোমবার বিকালের দিকে বুড়িপোতা এলাকায় বিজিবির একটি টিম টহল দেওয়ার সময় মিন্টু হোসেনকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৪ বোতল ফেনিসিডিল ও ২ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।
মদ ও ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৪(ক)/২৪(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ৩৫, তারিখ ৩১/১০/২০২২ ইং
আজ সোমবার (১ নভেম্বর) দুপুরের দিকে মিন্টু হোসেনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের বড় ধরনের লোকসানের আশঙ্কায় চাষিরা

অতি লোভে তাঁতী নষ্ট। একথার প্রমান মিলেছে গাংনীর সব্জী গ্রাম সাহারবাটি এলাকার কৃষকদের ভাগ্যে। শীতকালিন আগাম ফুল কপি ও বাঁধা কাপিতে অতিমাত্রায় কিটনাশক, রাসায়নিক সার ব্যবহার এবং কয়েকটি কোম্পানির কিটনাশক মিশিয়ে ককটেল তৈরি করে ফসলে স্প্রে করে এখন দিতে হচ্ছে খেসারত।
জমির ফুল কপি ও বাঁধা কপিতে পচন ধরায় চলতি মৌসুমে বড় ধরনের

হচ্ছে খুবই ছোট। ফলে ফলনও কম হচ্ছে। বাজার বিঘা প্রতি জমির ফুলকপি বিক্রি হচ্ছে ৩০ থেকে ৪০ হাজার টাকায়। এ দামে কপি বিক্রি করে আসল টাকা উঠানোয় দায় হয়ে পড়ছে। কৃষি বিভাগ থেকে কোন ধরনের পরামর্শও পাচ্ছেন না বলে অভিযোগও করেন তিনি।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শঙ্কর কুমার মজুমদার বলেন মাঠের বাঁধাকপি ও ফুলকপির এই অবস্থার সৃষ্টির জন্য কৃষকরাই দায়ি। তারা ফলন বেশীর আশায় অতিমাত্রায় কিটনাশক ও সার ব্যবহার করছেন কৃষকেরা।
এছাড়াও কয়েকটি কোম্পানির কিটনাশক মিশিয়ে ককটেল তৈরি করে ফসলে স্প্রে করছেন। ফলে এ অবস্থার সৃষ্টি হয়েছে। জমি থেকে কাঙ্খিত মাত্রায় ফলন পেতে হলে কৃষকদের সুষম মাত্রায় সার ও কিটনাশক প্রয়োগ করার পরামর্শ দেন তিনি।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ভোটার হালনাগাদ শুরু

চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসের উদ্যেগে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে তিনদিন ব্যাপি ভোটার হালনাগাদ কার্যক্রম শুরু হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত ভোটার হালনাগাদের কার্যক্রম পরিচালিত হয়।

জানাগেছে, ০৬ অক্টোবর থেকে ৮ অক্টোবর পর্যন্ত হাউলি ইউনিয়ন পরিষদের ৯ টি ওয়ার্ডে যথাক্রমে ভোটার হালনাগদের কাজ চলবে।

বৃহস্পতিবার ১,২,৩ নং ওয়ার্ডে,শুক্রবার ৪,৫,৬ নং ওয়ার্ডে ও শনিবার ৭,৮,৯ নং ওয়ার্ডে ভোটার হালনাগাদের কাজ চলবে ভোটার হালনাগাদের প্রথমদিনেই পুরুষ ৪ শত ১৭জন ও মহিলা ৩ শত ৫৫ জনকে ভোটার তালিকার জন্য লিপিবদ্ধ হয়।

জেলা নির্বাচন অফিসের আওতাধীন অস্থায়ী নিয়োগে উক্ত ভোটার

হালনাগাদ কার্যক্রমে টিম লিডার মিজানুর রহমানের তত্ত্বাবধানে ৮ জনের একটা টিম নিয়ে চলছে নতুন ভোটার হালনাগাদ।

সার্বিক সহযোগিতা করেন হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, সচিব নাঈম উদ্দীনসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যরা।

কার্যক্রমে অংশ গ্রহণ করেন আশিকুর রহমান, সাওদা, ইকবাল, রকিবুল, ইকরামুল, ইয়ামিন, রাশেদ, প্রিন্স।

দর্শনায় ২ হাজার পিস ট্যাপেন্ডালসহ এক মহিলা গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ২ হাজার পিচ ভারতীয় ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ দর্শনা চাঁদপুর গ্রামের লিটনের স্ত্রী সালেহাকে গ্রেফতার করেছে ।

গতকাল শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে দর্শনা- চুয়াডাঙ্গা মহাসড়কের মা ও শিশু জেনারেল হাসপাতালের সামনে থেকে গ্রেফতার করে দর্শনা থানা পুলিশ।

দর্শনা থানার এস আই হারুন অর রশিদ ও এস আই ফিরোজ হোসেন জানান শনিবার সকালে পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ খবর পেয়ে বেলা সাড়ে ১১টার দিকে স্থানীয় বাসস্ট্যান্ডের পাসে অবস্থান করি। এ সময় দর্শনা পৌরসভার দক্ষিন চাঁদপুর গ্রামের লিটন মিয়ার স্ত্রী সালেহা খাতুন(৩০) দর্শনা মা ও শিশু জেনারেল হাসপাতালের সামনে থেকে পরিবহন যোগে উঠতে গেলে পুলিশ দেখে দৌড় দেয়। পরে তার দেহ তল্লাশি করে ২ হাজার পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ মালামাল উদ্ধার করা হয়।

এ বিষয়ে দর্শনা থানার ওসি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এ এইচ এম লুৎফুল কবির জানান শনিবার দুপুরে মালামাল সহ নারী আসামীকে

মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি) চলমান কর্মসূচিতে পুলিশের গুলি বর্ষন ও সন্ত্রাসী হামলার বিরুদ্ধে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুেও জেলা বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১৮ সেপ্টেম্বর) বিকেলে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিএনপি জেলা কমিটির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি জাবেদ মাসুদ মিলটন, সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক প্রমূখ।

সমাবেশে সঞ্চালনায় ছিলেন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

সমাবেশের আগে দলীয় কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয় প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

[redacted]

[redacted] (2) [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted] (AI)[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ সময় উপস্থিত ছিলেন পৌর মেয়র ফারুক হোসেন, ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ, ওসি সাইফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা, জাহিদুল ইসরাম বাবু মিয়া, বসির উদ্দিন প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, সরকারি বেসরকারি কর্মকর্তা, শিক্ষক, জনপ্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

নিজের মেয়েকে পাশবিক নির্যাতন করলো পিতা

ফুফুর বাড়িতে বেড়াতে নিয়ে যাওয়ার নাম করে নিজের পিতা দুই বছর ধরে কিশোরী মেয়ে (১৩) কে পাশবিক নির্যাতন চালিয়ে আসছে।

এক পর্যায়ে মেয়েটি গর্ভবতী হয়ে পড়লে ঝিনাইদহ সদর হাসপাতালের এক সাবেক নার্স দিয়ে গর্ভপাত ঘটানো হয়। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ পৌর এলাকার পবহাটী গ্রামে।

এ ঘটনায় লম্পট পিতা রাশেদকে জুতার মালা গলায় দিয়ে রোববার বিকালে পুলিশে সোপর্দ করেছে জনতা। পেশায় দর্জি লম্পট রাশেদ পবহাটী গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি (তদন্ত) এমদাদুল হক জানান, রাশেদ শহরের উপ-শহরপাড়ায় বিয়ে করে। তার একাধিক স্ত্রী রয়েছে। কিশোরী মেয়েটি ঝিনাইদহ শহরের উপ-শহর পাড়ার রাকিব উদ্দীন হাইস্কুলের সপ্তম শ্রেনীর ছাত্রী।

মেয়েটির ভাষ্যমতে, পঞ্চম শ্রেনীতে পড়ার অবস্থায় তার পিতা তাকে যৌন নিপীড়ন চালিয়ে আসছে। বিভিন্ন সময় ফুফুর বাড়িতে বেড়াতে নিয়ে যাওয়ার নাম করে ঘুমের ওষুধ সেবন করিয়ে নিজের কিশোরী মেয়েকে মাসের পর মাস পাশবিক নির্যাতন করে আসছিল রাশেদ।

এক পর্যায়ে মেয়ে গর্ভবতী হয়ে পড়লে ঝিনাইদহ সদর হাসপাতালের এক সাবেক নার্স দিয়ে গর্ভপাত ঘটানো হয়। ঘটনাটি জানাজানি হয়ে পড়লে রোববার বিকালে পবহাটী ও উপশহরপাড়ার বাসিন্দরা ফুসে ওঠে।

তারা রাশেদকে ধরে গলায় জুতার মালা পরিয়ে ঝিনাইদহ সদর থানায় সোপর্দ করে। সদর থানার ওসি (তদন্ত) এমদাদুল হক জানান, এ ঘটনায় মামলার প্রক্রিয়া চলছে। লম্পট রাশেদ পুলিশ হেফাজতে রয়েছে।

আলমডাঙ্গায় সরকারি কাজী পরিচয়ে সালামের প্রতারণা

আলমডাঙ্গা পৌর শহরে নিকাহ রেজিস্ট্রার আব্দুস সালাম নিজেকে সরকারি কাজী পরিচয়ে সাধারণ মানুষকে প্রতারণার অভিযোগ উঠেছে।

এছাড়াও বিবাহ রেজিস্টারে ও ডিভোর্সের নামে ভুক্তভোগীদের নিকট থেকে সরকারি ফি এর চাইতে দ্বিগুণ অর্থ নেয় বলে অনেকে অভিযোগ করে। বাল্য বিবাহ আইন অমান্য করেও বিবাহের নামে মোটা অংকের টাকার মাধ্যমে দীর্ঘিদিন যাবৎ এসব অপকর্ম করে আসছে।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর শহরের ৯ নম্বর ওয়ার্ড গোবিন্দপুর মাঠ পাড়ায় দীর্ঘিদিন বিবাহ ও ডিভোর্সের কাজ করে আসছে কাজী আব্দুস সালাম।সে নিজেকে সরকারি কাজী দাবি করে।

সরকারি ভাবে অনুমোদিত থাকলেও সরকারি কাজী দাবি করা হলে আইনগত ব্যবস্থার নিয়ম থাকলেও উপজেলা নির্বাহি কর্মকর্তারা নিরব ভূমিকা পালন। এসুযোগে কাজী সালাম বাল্য বিবাহ সহ নিয়ম বহিভূত কাজ করে থাকে বলে অভিযোগ উঠেছে।

কাজী আব্দুস সালাম জানান, আমি সরকারি কাজী। সরকারের অনুমোদন থাকায় বিল বোর্ডে সরকারি কাজী পরিচয় দিচ্ছি। যদি কোন সমস্যা হয় বিল বোর্ড তুলে ফেলবো কিন্তু আমি সরকারি কাজী।

নাম না প্রকাশের শর্তে কয়েকজন কাজী জানান, সালাম দীর্ঘদিন সরকারি কাজী নাম প্রকাশ করে নিকাহ রেজিস্ট্রি করে আসছে। তার প্রভাব

বিস্তারের জন্য বিভিন্ন বৈদ্যুতিক পোলে সরকারি কাজী খ্যাতি হিসাবে বিজ্ঞাপন দিয়ে আসছে। তবে, সে সরকার অনুমোদিত কাজী কিন্তু সরকারি নয়।

এবিষয়ে জেলা নিকাহ রেজিস্ট্রি কমিটির সভাপতি মসলেম জানান, জেলায় কোন সরকারি কাজী নাই। সরকারের নিয়োগপ্রাপ্ত অনুমতিতের ভিত্তিতে নিকাহ রেজিস্ট্রির কাজ করে থাকি।

তিনি আরো বলেন, যদি সরকারি কাজী হিসাবে নাম ব্যবহার করে তবে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহি অফিসার এ বিষয়ে হস্তক্ষেপ গ্রহন করতে পারে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর জানান, বিল বোর্ডের মাধ্যমে কোথাও সরকারি কাজী পরিচয় দিলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তবে, বাল্য বিবাহ সহ অতিরিক্ত টাকা নিয়ে থাকলে তদন্ত অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।